পঞ্চবার্ষিকী পরিকল্পনার আওতায় কাজ শুরুর তাগিদ

ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) সঙ্গে চীনা শেনঝেন ও সাংহাই স্টক এক্সচেঞ্জের কৌশলগত অংশীদারিত্বের সুফল দেশের অর্থনৈতিক উন্নয়নেও প্রতিফলিত হতে পারে। এজন্য দেশের পুঁজিবাজারকে মূলধন উত্তোলনের জন্য যথোপযুক্ত জায়গা হিসেবে তৈরি করতে হবে। ডিএসইতে নতুন নতুন প্রডাক্ট চালু, বিভিন্ন টেকনিক্যাল অগ্রগতি, এসএমইবান্ধব প্লাটফর্ম গড়ে তোলাসহ এক্সচেঞ্জের টেকসই উন্নয়নে একটি পঞ্চবার্ষিক পরিকল্পনার আওতায় কাজ শুরু করতে হবে। গতকাল রাজধানীর একটি হোটেলে 'বাংলাদেশ-চায়না ক্যাপিটাল মার্কেটস' শীর্ষক এক গোলটেবিল আলোচনায় দুই দেশের বক্তারা এ মত দেন। স্টক এক্সচেঞ্জের কৌশলগত অংশীদারিত্ব ও অর্থনৈতিক প্রেক্ষাপটে এর নানা দিক নিয়ে আলোচনার জন্য গতকাল রাজধানীর একটি হোটেলে পলিসি রিসার্চ ইনস্টিটিউট (পিআরআই), শেনঝেন স্টক এক্সচেঞ্জ ও সাংহাই স্টক এক্সচেঞ্জ যৌথভাবে এ অনুষ্ঠানের আয়োজন করে। আয়োজনে অংশীদার হিসেবে আরো ছিল হংকংভিত্তিক সিটিক সিকিউরিটিজের অঙ্গপ্রতিষ্ঠান সিএলএসএ ও স্থানীয় এশিয়ান টাইগার ক্যাপিটাল পার্টনার্স। গোলটেবিল আলোচনায় বাংলাদেশ ও চীনের পুঁজিবাজার-সংশ্লিষ্টরা ছাড়াও দেশের অনেক নীতি গবেষক অংশ নেন। http://bonikbarta.net

এমএল ডায়িংয়ের আইপিও অনুমোদন

প্রাথমিক গণপ্রস্তাবের (আইপিও) মাধ্যমে এমএল ডায়িং লিমিটেডকে দুই কোটি সাধারণ শেয়ার ইস্যু ও বিক্রির অনুমোদন দিয়েছে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)। গতকাল বিএসইসির ৬৪৪তম সভায় এ অনুমোদন দেয়া হয়। সভা শেষে কমিশনের মুখপাত্র ও নির্বাহী পরিচালক মো. সাইফুর রহমান স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিএসইসি জানায়, ১০ টাকা অভিহিত মূল্যে শেয়ার বেচে বাজার থেকে ২০ কোটি টাকা মূলধন সংগ্রহ করবে প্রতিষ্ঠানটি। এ অর্থ তারা যন্ত্রপাতি ক্রয় ও স্থাপনে ব্যয় করবে। কিছু অর্থ আইপিও প্রক্রিয়ার ব্যয় নির্বাহে খরচ করা হবে। http://bonikbarta.net

মূল্য সংযোজনের মাধ্যমে কৃষিপণ্যের নতুন বাজার ধরতে হবে

দেশের অর্থনীতিতে কৃষি খাতের অবদানের বিষয়টিকে গুরুত্ব দিয়ে এ খাতে প্রয়োজনীয় গবেষণা বৃদ্ধি ও কৃষিপণ্যের রফতানি বহুমুখীকরণের ওপর জোর দিয়েছেন ব্যবসায়ী নেতারা। পাশাপাশি তারা কৃষি যন্ত্রপাতি আমদানিতে শুল্ক প্রত্যাহারের ওপরও গুরুত্ব আরোপ করেন। তাদের মতে, সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে দেশের কৃষিপণ্যের বিপুল ভাণ্ডার থেকে আরো বেশি পণ্য রফতানির উদ্যোগ নেয়া এবং কৃষিপণ্যে মূল্য সংযোজনের মাধ্যমে নতুন বাজার খোঁজা দরকার। গতকাল এফবিসিসিআই সম্মেলন কক্ষে বাংলাদেশ এগ্রো-বেজড প্রডাক্ট প্রডিউসার্স অ্যান্ড মার্চেন্টস অ্যাসোসিয়েশন (বিএপিএমএ) আয়োজিত 'অর্থনৈতিক সুবিধা অর্জনে কৃষিপণ্যের বহুমুখী ব্যবহার এবং আন্তর্জাতিক মানের ভ্যালু অ্যাডিশন' শীর্ষক সেমিনারে বক্তারা এমন মত দেন। সেমিনারে প্রধান অতিথি ছিলেন বাণিজ্য সচিব শুভাশীষ বসু। বিশেষ অতিথি ছিলেন এফবিসিসিআই সভাপতি মো. সফিউল ইসলাম মহিউদ্দিন। বিএপিএমএর সভাপতি মো. রুহুল আমিনের সভাপতিত্বে সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. খুরশীদ আলম। http://bonikbarta.net

ধানমন্ডিতে টুভ সুডের দ্বিতীয় প্রশিক্ষণ কেন্দ্রের যাত্রা

টুভ সুড বাংলাদেশ (প্রা.) লিমিটেড সম্প্রতি ধানমন্ডিতে নিজেদের দ্বিতীয় প্রশিক্ষণ কেন্দ্র চালু করেছে। এটি পিয়ারসন টেস্ট অব ইংলিশ (পিটিই) টুভ সুড টেস্ট সেন্টার হিসেবে ব্যবহৃত হবে। টুভ সুড বাংলাদেশের দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়া, মধ্যপ্রাচ্য ও আফ্রিকা অঞ্চলের প্রধান নির্বাহী কর্মকর্তা নিরঞ্জন নাদকারণী প্রশিক্ষণ কেন্দ্রটির উদ্বোধন করেন। পাশাপাশি বাংলাদেশে টুভ সুডের ১০ বছর পূর্তি অনুষ্ঠানের আয়োজন করা হয়। http://bonikbarta.net

বিনিয়োগ হ্রাস পেলেও চাঙ্গা চীনের শিল্পোৎপাদন

বিনিয়োগ কিছুটা কমতির দিকে থাকলেও এপ্রিলে পূর্বাভাসকে ছাড়িয়ে গেছে চীনের শিল্পোৎপাদন। খবর ব্লুমবার্গ ও রয়টার্স। মঙ্গলবার চীনের পরিসংখ্যান ব্যুরো জানিয়েছে, এপ্রিলে দেশটির শিল্পোৎপাদন আগের বছরের তুলনায় ৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ব্লুমবার্গ জরিপে এপ্রিলের উৎপাদন পূর্বাভাস সেখানে ছিল ৬ দশমিক ৪০ শতাংশ এবং মার্চে ৬ শতাংশ। মঙ্গলবার প্রকাশিত উপাত্তটির একমাত্র ইতিবাচক জায়গা ছিল শিল্পোৎপাদন বৃদ্ধির বিষয়টি। গাড়ি ও ইস্পাত শিল্পে উৎপাদন বৃদ্ধির ফলে শিল্প খাতে প্রত্যাশার চেয়ে উৎপাদন বৃদ্ধি পেয়েছে। ক্যাপিটাল ইকোনমিকসের চীন-বিষয়ক অর্থনীতিবিদ জুলিয়ান ইভানস প্রিচার্ড জানান, ‘দূষণ নীতিমালা শিথিল করার ফলে শিল্পোৎপাদন চাঙ্গা হয়েছে।’ শীতকালের জন্য দূষণ নীতিমালা কঠোর করা হয়েছিল। http://bonikbarta.net

এশিয়ার বর্ধনশীল চাহিদা মেটাতে সাশ্রয়ী ফ্লাইট চালু করছে জেএলএ

এশিয়ায় স্বল্প খরচে আকাশপথে ভ্রমণ চাহিদা ক্রমেই বাড়ছে। এ সুযোগটিকে ব্যবসা প্রসারে কাজে লাগাতে সাশ্রয়ী মূল্যের উড়োজাহাজ সেবা চালুর পরিকল্পনা গ্রহণ করেছে জাপান এয়ারলাইনস কোম্পানি (জেএএল)। জানা গেছে, ২০২০ টোকিও অলিম্পিক সামনে রেখে সাশ্রয়ী মূল্যের মাঝারি এবং দূরবর্তী ফ্লাইট চালু করবে জাপানের এ পতাকাবাহী উড়োজাহাজ সংস্থাটি। খবর রয়টার্স ও এএফপি। জেএএলের পক্ষ থেকে দেয়া এক বিবৃতিতে বলা হয়, নতুন সেবাটি নারিতা ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট থেকে পরিচালিত হবে। টোকিও থেকে এশিয়া, যুক্তরাষ্ট্র ও ইউরোপের শীর্ষ শহরগুলোয় মাঝারি দূরত্বের আন্তর্জাতিক ফ্লাইট চালু হবে। ২০২০ সালের গ্রীষ্মকাল থেকে সেবাটি কার্যকর হবে। http://bonikbarta.net

২০১৮ সালে বৈশ্বিক চাহিদা বাড়ছে দৈনিক সাড়ে ১৬ লাখ ব্যারেল

বৈশ্বিক অর্থনৈতিক অগ্রগতির সঙ্গে পাল্লা দিয়ে বাড়ছে জ্বালানি ব্যবহার। একই সঙ্গে বিশ্বব্যাপী বাড়ছে অপরিশোধিত জ্বালানি তেলের চাহিদাও। ২০১৭ সালে জ্বালানি পণ্যটির গড় বৈশ্বিক চাহিদায় প্রবৃদ্ধি বজায় ছিল। এ ধারাবাহিকতায় চলতি বছরও অপরিশোধিত জ্বালানি তেলের গড় বৈশ্বিক চাহিদা আগের বছরের তুলনায় ১ দশমিক ৭ শতাংশ বা দৈনিক ১৬ লাখ ৫০ হাজার ব্যারেল বাড়তে পারে। জ্বালানি পণ্যটির রফতানিকারকদের জোট অর্গানাইজেশন অব দ্য পেট্রোলিয়াম এক্সপোর্টিং কান্ট্রিজের (ওপেক) সর্বশেষ মাসভিত্তিক প্রতিবেদনে এ পূর্বাভাস দেয়া হয়েছে। খবর রয়টার্স ও অয়েলপ্রাইস ডটকম। ওপেকের প্রতিবেদনের তথ্য অনুযায়ী, ২০১৭ সালে অপরিশোধিত জ্বালানি তেলের গড় বৈশ্বিক চাহিদা ছিল দৈনিক ৯ কোটি ৭২ লাখ ব্যারেল। চলতি বছর শেষে জ্বালানি পণ্যটির গড় বৈশ্বিক চাহিদা আগের বছরের তুলনায় ১ দশমিক ৭ শতাংশ বেড়ে দৈনিক ৯ কোটি ৮৮ লাখ ৫০ হাজার ব্যারেলে দাঁড়াতে পারে। সেই হিসাবে, এক বছরের ব্যবধানে অপরিশোধিত জ্বালানি তেলের গড় বৈশ্বিক চাহিদা বাড়তে পারে দৈনিক ১৬ লাখ ৫০ হাজার ব্যারেল। চলতি বছরের শুরুতে দেয়া ওপেকের পূর্বাভাসে ২০১৮ সালে বিশ্বব্যাপী অপরিশোধিত জ্বালানি তেলের দৈনিক গড় চাহিদা ৯ কোটি ৮৭ লাখ ব্যারেল হতে পারে বলে প্রাক্কলন করা হয়েছিল, যা আগের বছরের তুলনায় ১ দশমিক ৬৭ শতাংশ বেশি। সেই হিসাবে, নতুন পূর্বাভাসে জ্বালানি পণ্যটির গড় বৈশ্বিক চাহিদা আগের প্রাক্কলনের তুলনায় দৈনিক ১ লাখ ৫০ হাজার ব্যারেল বাড়িয়েছে প্রতিষ্ঠানটি।http://bonikbarta.net